

বিএসসি ইন ফিজিওথেরাপিতে প্রথম বর্ষে, সেশন (২০২৫-২০২৬)

ভর্তির প্রয়োজনীয় নির্দেশাবলী

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীর সকল কাগজ পত্র সমূহ কোর্স কো-অর্ডিনেটর কর্তৃক ভেরিফিকেশন (রুম নং-২২২) এর পর ভর্তির আবেদন পত্র সংগ্রহ করা যাইবে। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি জমা দিতে হইবে।

১. এস এস সি পরীক্ষার নম্বরপত্র ও সনদপত্রের মূল কপি ও এক সেট সত্যায়িত ফটোকপি সহ।
২. এইচ এস সি পরীক্ষার নম্বরপত্র ও সনদপত্রের মূল কপি ও এক সেট সত্যায়িত ফটোকপি সহ।
৩. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রশংসাপত্রের মূল কপি ও সত্যায়িত ফটোকপি।
৪. স্থায়ী বাসিন্দা সম্বন্ধে স্থানীয় এম.পি/নিজ থানার নির্বাহি অফিসার/পৌরসভার চেয়ারম্যান/সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানের নাগরিক সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও সকল পত্রের সত্যায়িত ফটোকপি।
৫. ০৩ (তিন) কপি সদ্য তোলা রঙিন পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত।
৬. সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও নম্বরপত্রাদি জমা দিতে হইবে।
৭. প্রার্থীর নিজ ব্লাড গ্রুপ এবং সিভিল সার্জন/রেজিস্টার্ড মেডিকেল অফিসার এর নিকট থেকে শারীরিক সুস্থতার সনদপত্র (মেডিকেল ফিটনেস সার্টিফিকেট) সংযুক্ত করিতে হইবে।
৮. ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র(রঙিন) ও ভর্তি পরীক্ষার আবেদনের মূল কপি(রঙিন) সাথে জমা দিতে হইবে।
৯. ভর্তি পরীক্ষার আবেদন এর সাথে দেয়া ব্যাংকের টাকা জমার রশিদটি সাথে জমা দিতে হইবে।
১০. কোটার প্রার্থীর ক্ষেত্রে--

মুক্তিযোদ্ধাঃ- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মূল সনদপত্র, মূল গেজেট, মূল মুক্তিযোদ্ধার আই.ডি কার্ড ও মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্রের মূল কপি এবং সকল পত্রের সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/ ইউ.পি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে।

উপজাতিঃ- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মূল সনদপত্র এবং সকল পত্রের সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/ ইউ.পি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হইবে।

আদেশক্রমেঃ-

কোর্স কো-অর্ডিনেটর

বিএসসি ইন ফিজিওথেরাপি কোর্স

ফিজিওথেরাপি বিভাগ

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর),

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।